দৈনিক সংবাদ

... 21 NOV 1990 ..
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৪ ...

39

# রাউজানের কলেজগুলোতে ছাত্র সংকট

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ৯ই নভেম্বর।– এসএসসি পরীক্ষায় রাউজানে পাসের হার নামমাত্র থাকায় দুটি কলেজে ছাত্র সংকট দেখা দিয়েছে। অবস্থা এমনই যে, চলতি বছরে উচ্চ মাধ্যমিক প্রথম বর্ষে ছাত্র ভর্তি নেই। ফলে এই বর্ষের ক্লাস বন্ধ করে দেবার বিকল্প থাকছে না বলে কলেজ কর্তৃপক্ষের অভিমত।

চলতি বছর কুমিল্লা বোর্ডের এসএসসি পরীক্ষায় রাউজানে পাসের হার শতকরা ৭ জন মাত্র। গত বছরও এই কেন্দ্রের প্রায় ২২শ' পরীক্ষার্থী অকৃতকার্য হয়। ফলে গত বছর থেকেই রাউজানের নোয়াপাড়া কলেজ ও ইমাম গাজ্জুলী কলেজে ছাত্র ভর্তির হার নামমাত্র পর্যায়ে এসে দাঁড়িয়েছে। এ বছর তেমন ছাত্র ভর্তিও নেই। একই সঙ্গে প্রকট হয়ে উঠেছে আর্থিক সংকট। অধিকাংশ শিক্ষকই নিয়মিত বেতন পান না। অবশ্য এসএসসি'র ফলাফল পুনঃনিরীক্ষণের দাবীতে চট্টগ্রাম শহরসহ রাউজানে হরতাল, ঘেরাও ও বিক্ষোভ সমাবেশও পালিত হয়েছে।